



স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/২০১৫/ ৭৫২৬

তারিখঃ ০১ কার্তিক, ১৪২৬ বঙ্গাব্দ  
১৬ অক্টোবর, ২০১৯ খ্রিস্টাব্দ


**অফিস আদেশ**

মনপুরা ফাজিল মাদরাসা, ডাকঘরঃ কাউয়ারটেক, উপজেলাঃ মনপুরা, জেলাঃ ভোলা-এর ফাজিল (স্নাতক) বি.এ/বি.এস.এস অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষের ১৫.০৬.২০১৯ খ্রিঃ তারিখের আবেদনের প্রেক্ষিতে ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি নবায়ন সংক্রান্ত বিধি অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটির দাখিলকৃত প্রতিবেদনের আলোকে উপাচার্য মহোদয়ের নির্দেশক্রমে মাদরাসাটির ফাজিল (স্নাতক) বি.এ/বি.এস.এস স্তর নিম্নবর্ণিত শর্তে ০১.০৭.২০১৯ খ্রিঃ থেকে ৩০.০৬.২০২৩ খ্রিঃ তারিখ পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য অধিভুক্তি নবায়ন করা হলো :

**শর্তসমূহ :**

- ১) উপাধ্যক্ষের জন্য আলাদা সুসজ্জিত কক্ষের ব্যবস্থা করতে হবে।
- ২) শূন্যপদে সহকারী মৌলভী, সহকারী লাইব্রেরিয়ান, শরীরচর্চা শিক্ষক ও অফিস সহায়ক পদে নিয়োগের ব্যবস্থা করতে হবে।
- ৩) শিক্ষার্থীদের নিকট থেকে আদায়কৃত অর্থের রশিদ প্রদান করতে হবে এবং মাদরাসার যাবতীয় আয় মাদরাসার ব্যাংক হিসাবে জমা দিতে হবে।
- ৪) প্রতিষ্ঠানের সকল আয় ক্যাশ কলাম বইতে আয়ের খাত অনুযায়ী রশিদ নম্বর উল্লেখসহ লিপিবদ্ধ করতে হবে। ব্যয় খাতে ডেবিট ভাউচারে ক্রমিক নম্বর উল্লেখ করে ক্যাশ কলাম বইতে খাত অনুযায়ী লিপিবদ্ধ রাখতে হবে এবং গভর্নিং বডি'র সভায় মাদরাসার আয়-ব্যয় অনুমোদন নিতে হবে।
- ৫) মাদরাসার যে সব জমির নামজারী নেই তা নামজারী করে হালনাগাদ খাজনা পরিশোধ করতে হবে।
- ৬) একাডেমিক কমিটি গঠন করে ক্লাস পর্যবেক্ষণ রিপোর্ট সংরক্ষণ এবং শ্রেণিকক্ষে মানসম্মত পাঠদানের জন্য সম্মানিত শিক্ষকবৃন্দকে নিয়ে কর্মশালার আয়োজন করতে হবে।
- ৭) গভর্নিং বডি'র সভার মাধ্যমে অর্থ কমিটি ও অভ্যন্তরীণ অডিট কমিটি গঠন করতে হবে। মাস শেষে ক্যাশ কলাম বইতে আয়-ব্যয় হিসাব সঠিকভাবে লিপিবদ্ধ করা হয় কি-না বিষয়টি গভর্নিং বডি নিশ্চিত করবেন।
- ৮) লাইব্রেরীর জন্য আলাদা কক্ষ নির্ধারণ করে প্রয়োজনীয় আসবাবপত্র ও বই ক্রয় করতে হবে।
- ৯) শিক্ষার্থীদের ইংরেজী ও আরবি ভাষা শিক্ষার ব্যবস্থা করতে হবে।
- ১০) অধিভুক্তির মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে পুনঃনবায়নের জন্য আবেদন করতে হবে।

উপাচার্য মহোদয়ের নির্দেশক্রমে

  
( ড. জাভেদ আহমাদ )

সহকারী পরিদর্শক (অতিঃ দায়িত্ব)  
মাদরাসা পরিদর্শন দফতর  
মোবাইল: ০১৭১৪-২০২০৬৬

অধ্যক্ষ  
মনপুরা ফাজিল মাদরাসা,  
ডাকঘরঃ কাউয়ারটেক, উপজেলাঃ মনপুরা, জেলাঃ ভোলা।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/২০১৫/ ৭৫২৬

তারিখঃ ০১ কার্তিক, ১৪২৬ বঙ্গাব্দ  
১৬ অক্টোবর, ২০১৯ খ্রিস্টাব্দ

**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :**

- ১। মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩, ৩৭/৩/এ, ইফটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।
- ২। মহাপরিচালক, মাউশি, আব্দুল গণি রোড, ঢাকা-১২১১।
- ৩। চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
- ৪। রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (একাডেমিক কমিটির সভায় রিপোর্ট করার জন্য)।
- ৫। পি.এস টু ভিসি (দায়িত্বপ্রাপ্ত), উপাচার্য দপ্তর (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৬। আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৭। সভাপতি, মনপুরা ফাজিল মাদরাসা, ডাকঘরঃ কাউয়ারটেক, উপজেলাঃ মনপুরা, জেলাঃ ভোলা।
- ৮। অফিস নথি।

  
শিরিনা আক্তার

সেকশন অফিসার  
মাদরাসা পরিদর্শন দফতর  
মোবাইল: ০১৬৪২-১০০০১৫

অধি/নবায়ন/ফাইল নং- বরিশাল-১০